

সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৪২২

২/ রাসূলুল্লাহ الصلاة عن رسول الله الله عن رسول الله عن الله ع

পরিচ্ছেদঃ ২০১. ফজরের সুন্নাত ফরযের আগে আদায় করতে না পারলে ফরয নামায আদায়ের পর তা আদায় করবে

باب مَا جَاءَ فِيمَنْ تَفُوتُهُ الرَّكْعَتَانِ قَبْلَ الْفَجْرِ يُصلِّيهِمَا بَعْدَ صلاَةِ الْفَجْر

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَمْرِوِ السَّوَّاقُ الْبَلْخِيُّ، قَالَ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدِ، عَنْ سَعْدِ بْنِ إِبْرَاهِيمَ، عَنْ جَدِّهِ، قَيْسٍ قَالَ خَرَجَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وسلم فَأْقِيمَت الصَّلَاةُ فَصَلَيْتُ مَعَهُ الصَّبْحَ ثُمَّ انْصَرَفَ النَّبِيُّ صلى الله عليه وسلم فَوَجَدَنِي أُصِلَي قَقَالَ " مَهْلاً يَا قَيْسُ أَصَلاَتَانِ مَعًا " . قُلْتُ يَا رَسُولَ اللَّهِ إِنِّي لَمْ أَكُنْ فَوَجَدَنِي أُصَلِّي فَقَالَ " مَهْلاً يَا قَيْسُ أَصَلاَتَانِ مَعًا " . قُلْتُ يَا رَسُولَ اللَّهِ إِنِّي لَمْ أَكُنْ رَكَعْتَى الْفَجْرِ . قَالَ " فَلاَ إِذًا " . قَالَ أَبُو عِيسَى حَديثُ مُحَمَّد بْنِ إِبْرَاهِيمَ لاَ نَعْرِفُهُ مِثْلَ هَذَا إِلاَّ مِنْ حَدِيثِ سَعْدِ بْنِ سَعِيد . وقَالَ سُفْيَانُ بُنُ عُيَيْنَةَ سَمِعَ عَطَاءُ بْنُ أَبِي رَبَاحٍ مِنْ سَعْدِ بْنِ سَعِيد هَذَا الْحَديثُ . وَإِنَّمَا يُرُوى هَذَا الْحَديثُ مُرْسَلاً . وقَدْ قَالَ أَبِي رَبَاحٍ مِنْ سَعْدِ بْنِ سَعِيد هَذَا الْحَديثُ . وَإِنَّمَا يُرُوى هَذَا الْحَديثُ مُرْسَلاً . وقَدْ قَالَ قَوْمٌ مِنْ أَهْلِ مَكَّةَ بِهَذَا الْحَديثُ لَمْ يَرُوْ ا بَأْسًا أَنْ يُصَلِّيَ الرَّجُلُ الرَّكُعَتَيْنِ بَعْدَ الْمَكْثُوبَةِ قَوْمٌ مِنْ أَهْلِ مَكَّةً بِهَذَا الْحَديثُ لَمْ يَوْدُ بَنْ سَعِيد هُو اللَّ أَنْ تَطْلُعَ الشَّمْسُ . قَالَ أَبْو عِيسَى وَسَعْدُ بُنُ سَعِيد هُو أَخُو يَحْيَى بْنِ سَعِيد الْأَنْصَارِيِّ وَيُقَالُ هُوَ قَيْسُ بُنُ عَمْرِو وَيُقَالُ هُو قَيْسُ بُنُ قَيْسً . وَرَوَى بَعْضُهُمْ هَذَا الْحَديثَ عَنْ سَعْد بْنِ سَعِيد عَنْ مُحَمَّد بْنِ إِبْرَاهِيمَ لَيْسَا . وَهَذَا أَصَحُ مِنْ عَيْدِ عَنْ مُحَمَّد بْنِ إِبْرَاهِيمَ عَنْ سَعْد بْنِ سَعِيد عَنْ مُحَمَّد بْنِ إِبْرَاهِيمَ عَنْ سَعْد بْنِ سَعِيدٍ . عَنْ مَحْدَبْ بْ سَعِيدٍ .

বাংলা

8২২। মুহাম্মাদ ইবনু ইবরাহীম হতে তার দাদা কাইস (রাঃ)-এর সূত্রে বর্ণিত আছে, তিনি (কাইস) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (নিজের ঘর হতে) বেরিয়ে আসলেন, অতঃপর নামাযের ইকামাত দেওয়া হল। আমি তার সাথে নামায আদায় করলাম। নামায হতে অবসর হয়ে তিনি আমাকে নামাযরত অবস্থায়



দেখলেন। তিনি বললেনঃ হে কাইস, থামো! তুমি কি দুই নামায একত্রে আদায় করছ? আমি বললাম, হে আল্লাহর রাসূল! আমি ফজরের দুই রাকাআত (সুন্নাত) আদায় করতে পারিনি। তিনি বললেনঃ তাহলে কোন দোষ নেই (পড়ে নাও)। —সহীহ। ইবনু মাজাহ– (১১৫১)।

আবু ঈসা বলেনঃ সা'দ ইবনু সাঈদের হাদীসের মাধ্যমেই কেবল আমরা মুহাম্মাদ ইবনু ইবরাহীমের হাদীসটি এভাবে জেনেছি। সুফিয়ান ইবনু উআইনা বলেন, আতা ইবনু আবু রাবাহ এ হাদীসটি সা'দ ইবনু সাঈদের নিকট শুনেছেন। এ হাদীসটি মুরসাল হিসাবে বর্ণিত হয়েছে। মক্কাবাসী আলিমদের একদল ফর্য নামা্যের পর সূর্য উঠার পূর্বে ফাওত হওয়া সুন্নাত দুই রাক'আত আদায় করতে কোন অপরাধ মনে করেন না।

আবু ঈসা বলেনঃ এ হাদীসের সনদ মুত্তাসিল (পরস্পর সংযুক্ত) নয়। মুহাম্মাদ ইবনু ইবরাহীম কখনও কাইসের নিকট শুনেননি। অপর এক বর্ণনায় আছেঃ

أُنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم خَرَجَ فَرَأًى قَيْسًا

"রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বের হলেন এবং কাইসকে দেখতে পেলেন.....।" সাদ ইবনু সাঈদের সূত্রে বর্ণিত আব্দুল আয়ীযের হাদীসের চেয়ে এটি অধিক সহীহ।

English

Oais narrated:

"Allah's Messenger (S) went out and the Iqamah was called for the Salat so I prayed As-Subh with him. Then the Prophet (S) turned and found me performing Salat so he said: 'Easy O Qais! Are there two prayers together?' I said: 'O Messenger of Allah! I did not perform the two Rak'ah (before) Fajr.' He said: 'Then there is no harm.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন